



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Programme 6th Semester Examination, 2022

BNGGEC02T-BENGALI (GE2)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রস্লেমান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

১। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০

একক-১

(ক) বাংলা পরিভাষা লেখোঃ (যে-কোনো দশটি) ১×১০ = ১০

Annexure, Acknowledgement, Backlog, Development, Efficient, Hearing, Convention, Judicial, Gazette, Kitbag, Notification, Zone, Yearly Expenditure, Zero Hour, Unanimous.

অথবা

(খ) বাংলা পরিভাষা সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ১০

একক-২

(গ) অনুবাদ কতপ্রকার ও কী কী? অনুবাদের বৈশিষ্ট্য ও প্রয়োজনীয়তা উদাহরণসহ আলোচনা করো। ৩+৭

অথবা

(ঘ) বাংলায় অনুবাদ করোঃ ১০

Wealth is no doubt necessary for happiness in life. But it has a tendency to concentrate in the hands of few. The result is that the rich become richer and the poor become poorer. This is certainly a misuse of wealth. It should be fairly distributed among all, so that it may bring happiness to the greatest number of people in the society.

একক-৩

(ঙ) প্রতিবেদন কাকে বলে? প্রতিবেদনের প্রকারভেদগুলি আলোচনা করো। ২+৮

অথবা

(চ) বৃক্ষরোপণের প্রয়োজনীয়তা সম্পর্কে একটি প্রতিবেদন রচনা করো। ১০

একক - ৪

(ছ) নিম্নলিখিত উদ্ধৃত অংশটির সারসংক্ষেপ রচনা করোঃ

১০

রামচন্দ্র যখন সেতুবন্ধন করেছিলেন তখন কাঠবেড়ালিরও স্থান হয়েছিল সেই কাজে। সে তখন শুধু গাছের কোটরে নিজের খাদ্যাশেষে না থেকে আপনার ক্ষুদ্র শক্তি নিয়েই দুই তটভূমির বিচ্ছেদ সমুদ্রের মধ্যে সেতুবন্ধনের কাজে যোগ দিয়েছিল। সীতাকে রাবণের হাত থেকে উদ্ধার করাই পৃথিবীতে সকল মহৎ সাধনার রূপক। সেই সীতাই ধর্ম; সেই সীতাই জ্ঞান, স্বাস্থ্য, সমৃদ্ধি, সেই সীতা সুন্দরী; সেই সীতা সর্বমানবের কল্যাণী। নিজের কোটরের মধ্যে প্রভূত খাদ্যসঞ্চয়ের ঐশ্বর্য নিয়ে এই কাঠবেড়ালির সার্থকতা ছিল না, কিন্তু সীতা উদ্ধারের মহৎ কাজে সে নিজেকে নিবেদন করেছিল। এই জন্যেই মানবদেবতা তার পিঠে আশীর্বাদ রেখা চিহ্নিত করেছিলেন। প্রত্যেক মহাজাতির পিঠে আমরা সেই চিহ্ন দেখতে চাই, সেই চিহ্নের দ্বারাই সে আপন কোটরকোণের অতীত নিত্যলোকে স্থান লাভ করে।

অথবা

(জ) নিম্নলিখিত পদ্যংশটির সারসংক্ষেপে রচনা করোঃ

১০

“তোমার ন্যায়ের দণ্ড প্রত্যেকের করে
অর্পণ করেছ নিজে। প্রত্যেকের 'পরে
দিয়েছ শাসনভার হে রাজাধিরাজ।
সে গুরু সম্মান তব, সে দুরূহ কাজ
নমিয়া তোমারে যেন শিরোধার্য করি
সবিনয়ে। তব কার্যে যেন নাহি ডরি
কভু কারে।

ক্ষমা যেথা ক্ষীণ দুর্বলতা
হে রুদ্র, নিষ্ঠুর যেন হতে পারি তথা
তোমার আদেশে। যেন রসনায় মম
সত্যবাক্য ঝলি উঠে খরখড়াসম
তোমার ঈঙ্গিতে। যেন রাখি তব মান
তোমার বিচারাসনে লয়ে নিজ স্থান।
অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণসম দহে।”

২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ

৫×২ = ১০

(ক) পরিভাষার গুরুত্ব আলোচনা করো।

৫

(খ) অনুবাদের বৈশিষ্ট্য লেখো।

৫

(গ) টীকা লেখোঃ প্রাতিষ্ঠানিক প্রতিবেদন।

৫

(ঘ) সারাংশ লিখনের পাঁচটি নিয়মাবলী লেখো।

৫

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—